## মার্চ ২০২৩মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ খায়রুল আলম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>বিরামপুর, দিনাজপুর। |
| তারিখ | ঃ | ১৬.০৩.২০২৩খ্রি. |
| সময় | ঃ | দুপুর ১১.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর কর্তৃক উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে এবং সবার সহযোগিতায় ২১ ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ সুন্দরভাবে পালিত হওয়ায় ধন্যবাদ জানান। সেইসাথে উত্তাল মার্চ ২০২৩ এর সকল দিবসে সকলের উপস্থিতি ও সহযোগিতা কামনা করে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতে যারা এ উপজেলায় নতুন এসেছেন এবং প্রথমবারের মত সভায় উপস্থিত হয়েছেন তাদেরকে স্বাগত জানান এবং তারা সকলে মিলে বিরামপুর উপজেলার উন্নয়নে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

ফেব্রুয়ারি ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় ফেব্রুয়ারি ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে ফেব্রুয়ারি ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পাওয়া গেছে। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করে সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩** **সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪** **মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা এর পক্ষে অতিরিক্ত কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর উত্তাল মার্চে আত্মোৎসর্গোকারী বীর মুক্তিযোদ্ধাদের আত্মার মাগফেরাত কামনা করে সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, এটি তার শেষ মিটিং। কারণ পদোন্নতি পেয়ে সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলায় তার বদলি হয়েছে। তিনি সকলের দোয়া চান। তিনি আরও জানান যে, বোরো লাগানো শেষ হয়েছে। ১৭-১৯ মার্চ ২০২৩ কালবৈশাখির পূর্বাভাস রয়েছে। কৃষকগণকে এ বিষয়ে সতর্ক করা হয়েছে। শিলা বৃষ্টি ও কালবৈশাখিতে ফসলের ক্ষতি হতে পারে।<br>পদোন্নতি পাওয়ায় সকলের পক্ষে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর অভিনন্দন ও শুভকামনা জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের কার্যবিবরণীর উদ্ধৃতি সভায় পাঠ করে শোনান। উক্ত পত্রে "তিন-ফসলী জমিতে সোলার প্যানেলসহ অন্যান্য উন্নয়ন-অবকাঠামো স্থাপন/নির্মাণ না করা" বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদের পক্ষ থেকে তাঁকে অভিনন্দন ও শুভকামনা জানান হয়।<br>৩. "তিন-ফসলী জমিতে সোলার প্যানেলসহ অন্যান্য উন্নয়ন-অবকাঠামো স্থাপন/নির্মাণ না করা" এ বিষয়টি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর।<br>২. উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা<br>৩. চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, এ মাসে মোট ৬৭ জনের মধ্যে ২টি সিজার এবং ৬৫টি নরমাল ডেলিভারী হয়েছে। ৭ বছর পর X-ray মেশিন সচল হয়েছে। IPS এর ব্যাটারী জরুরী প্রয়োজন। বিশেষ করে প্রসূতি বিভাগের জন্য IPS এর ব্যাটারী জরুরীভিত্তিতে প্রয়োজন। কিন্তু স্বাস্থ্য বিভাগের কোন বরাদ্দ না থাকায় এটি ক্রয় করা সম্ভব হচ্ছে না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বিশেষ কোন প্রোগ্রাম নেই। খানপুর ও জোতবানীতে ফ্রি ভ্যাকসিনেশন ক্যাম্প করা হয়েছে। PG গ্রুপে খুব ভাল কাজ হচ্ছে। হয়েছে। গত এক মাসে ১৭২৩টি গবাদি প্রাণির এবং ৬১৬৭টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে খামারীগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়নি। কৃত্রিম প্রজনন ৪৪০ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৬৩টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ৯৫০০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৫১,০০০ মাত্রা। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প এ মাসে ২টি হয়েছে এবং ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বর্তমানে মাছের বাজার খুব ভাল। মাছ চাষীরা ভাল মূল্য পাচ্ছেন। এতে তারা খুশী। বিশেষ কোন কার্যক্রম আপাততঃ নেই। নতুন করে পুকুর খননে নিরুৎসাহিত করা হচ্ছে। পুকুর খননের জন্য সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক অনুমতির প্রয়োজন হয়। তিনি আরও জানান যে, প্রতিমাসে প্রায় ৫০ জন মাছ চাষীকে বিভিন্ন ধরণের পরামর্শ প্রদান করা হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বরাদ্দ এলে ভরাট হয়ে যাওয়া বা ভরাট হচ্ছে এমন পুকুরগুলো সংস্কার করার অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সরকারি পুকুরগুলো সংস্কার করার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি ডেপুটি জেনারেল ম্যানেজার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, সেচের জন্য বিদ্যুৎ সংকট নেই। রাত ১১.০০ হতে ভোর ৬.০০ পর্যন্ত সেচযন্ত্র চালানোর অনুরোধ জানান। তিনি আরও জানান যে, রাস্তার দু'পাশে কাজ করার জন্য বিদ্যুতের খুটিগুলো ঝুকিপূর্ণ অবস্থায় থাকায় উক্ত খুটিগুলো অপসারণ করার জন্য বিদ্যুৎ বন্ধ রাখতে হচ্ছে। বর্তমানে বিদ্যুতের ঘাতটি নেই। প্রধানমন্ত্রীর উপহার একক গৃহের জন্য পশ্চিম জয়দেবপুরে বিদ্যুতের লাইন নির্মাণের কাজ এবং ওয়্যারিং এর কাজ চলছে। দিকশৌ দিওড় পুকুরপাড়েও ওয়্যারিং এর কাজ চলছে। উদ্বোধনের আগেই | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |

<table>
<tr><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>যেন কাজ শেষ করা যায় সে লক্ষ্যে কাজ করা হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর দ্রুত কাজ শেষ করার অনুরোধ জানান। মুকুন্দপুরে একই জায়গায় ৩টি ঘরের ওয়্যারিং হয়নি। বিনাইলে রানীনগর, তেঘরিয়া ও নলপুকুরে যেসব ঘরে এখনো বিদ্যুৎ সংযোগ নাই সেগুলোতে কাজ করতে হবে।</td><td></td><td></td></tr>
<tr><td>আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর</td><td>উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) এর আওতায় ১ম কিস্তিতে ১৪.৫৪, ২য় ১৪.৫৪, ৩য় ১৪.৪৬ মোট=৪৩.৫৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। ৪র্থ কিস্তিতে সম্ভাব্য বরাদ্দ ১৪.৪৬ ধরে মোট ৫৮.০০ লক্ষ টাকা ও রাজস্ব উদ্বৃত্ত ১৯,৫৮,৩৭৮ টাকার প্রকল্প উপজেলা প্রকল্প বাচাই বাছাই কমিটি কর্তৃক চূড়ান্ত প্রকল্প গ্রহণ করেন। যা নিম্নবর্ণিত প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় উপস্থাপন করেন। এটি পরিশিষ্ট “গ”-তে দেখানো হলো।<br>তিনি আরও জানান যে, মেইন গেটের কাজ চলছে। তিনি নান্দনিক গেট নির্মাণের লক্ষ্যে বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের জন্য প্রস্তাব করেন। উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, ৫টি ইউনিয়ন পরিষদ মেরামতের জন্য বরাদ্দ পাওয়া গেছে। তিনি RFQ পদ্ধতির মাধ্যমে ইউনিয়ন পরিষদ ভবন মেরামত করার প্রস্তাব করেন। তিনি নতুন পরিপত্র অনুযায়ী প্রাক্কলন উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। বরাদ্দ প্রাপ্তির বিবরণ নিম্নরুপঃ
<table>
<tr><th>ক্রমিক</th><th>ইউনিয়ন পরিষদের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>মুকুন্দপুর</td><td>৯,৯৯,০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>কাটলা</td><td>৯,৯৯,০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>খানপুর</td><td>৯,৯৮,০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>বিনাইল</td><td>৯,৯০,০০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>পলিপ্রয়াগপুর</td><td>৯,৯৭,০০০/</td></tr>
</table></td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ADP এবং রাজস্ব উদ্বৃত্ত দ্বারা গৃহীত প্রকল্পসমূহের কাজ যথাসময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নান্দনিক গেট নির্মাণের নিমিত্ত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের লক্ষ্যে প্রাক্কলনসহ অন্যান্য কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৪. প্রস্তাবিত প্রাক্কলন অনুযায়ী RFQ পদ্ধতিতে বর্ণিত ৫টি ইউনিয়ন পরিষদ ভবন মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।</td><td>১-৪. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ১১<br>BADC (সেচ)</td><td>উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১.উপ-সহকারী প্রকৌশলী BADC (সেচ) বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন</td><td>সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন সভায় জানান যে, বিএমডিএ দাপ্তরিক কাজ সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। সেচের চূড়ান্ত মৌসুম চলছে। বিদ্যুতের কোন সমস্যা নেই। উপজেলা পর্যায়ে ট্রান্সমিটার ও অন্যান্য সেচযন্ত্র মেরামত করার জন্য নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, দিনাজপুর কর্তৃক অনুমতি পাওয়ায় এখন থেকে বিরামপুর উপজেলায় ট্রান্সমিটার ও অন্যান্য সেচযন্ত্র মেরামত করা যাবে।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা পর্যায়ে ট্রান্সমিটার ও অন্যান্য সেচযন্ত্র মেরামত করার ব্যবস্থা গ্রহণের জন্য বিএমডিএ-কে অনুরোধ করা হয়।</td><td>১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর।<br>২. বিএমডিএ এবং বিএডিসি কর্তৃপক্ষ, বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা</td><td>অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। তিনি ১৭ মার্চ জাতির পিতার জন্মদিনের সকল অনুষ্ঠান সুষ্ঠুভাবে পালনের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা</td></tr>
<tr><td>আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর</td><td>উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম জোরদার করা হয়েছে। জেলা পর্যায়ে শিক্ষা সপ্তাহে বিরামপুর উপজেলা ২য় স্থান অধিকার করায় তিনি আনন্দিত। সকল বিদ্যালয়ে মা সমাবেশ হয়েছে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, প্রায়শ লক্ষ্য করা যাচ্ছে শিক্ষকগণ ইচ্ছেমত বিদ্যালয়ে আসা-যাওয়া করে। এটি নিয়ন্ত্রণ করতে হবে। নির্ধারিত সময়ে বিদ্যালয় ছুটির বিষয়টি নিশ্চিত করতে হবে।</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়।<br>৩. জেলা পর্যায়ে শিক্ষা সপ্তাহে এ উপজেলা ২য় স্থান অধিকার করায় অভিনন্দন জানানো হয়।</td><td>১-৩. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প থেকে ২০টি শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার এবং ৪০টি শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নীচু বেঞ্চ দেয়া হয়েছে। শিক্ষার্থীদের ইউনিক</td><td>১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর।</td></tr>
</table>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | আইডি প্রদানের কার্যক্রম চলমান। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। শিক্ষা প্রতিষ্ঠানে ইন হাউজ প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>উপজেলা নির্বাহী অফিসার শিক্ষার মান খুব খারাপ হওয়ায় মনিটরিং বাড়ানোর জন্য অনুরোধ করেন। শিক্ষকদের আন্তরিকতার অভাব রয়েছে মর্মে উল্লেখ করে তিনি শিক্ষকদের শিক্ষার মান উন্নয়নে কার্যকর ভূমিকা রাখার অনুরোধ করেন। | -- | -- |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | জনাব মোঃ আব্দুল আউয়াল উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর হিসেবে মার্চ ২০২৩ মাসে যোগদান করেছেন। তিনি জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, হাসপাতালে যারা চিকিৎসা নেন তাদেরকে ঔষধ কিনে দেয়া হয়। এদের মধ্যে কেউ কেউ ভর্তি হয় আবার কারও ভর্তি হওয়ার প্রয়োজন হয় না। গরীব অসহায় রোগীদের জন্য এ কার্যক্রম চলমান রাখতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, খেলাপী ঋণ নেই। ১০০% আদায় হয়েছে। বিআরডিবির চেয়ারম্যান নির্বাচন হবে না সিলেকশন হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, কিশোর-কিশোরী ক্লাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালন করতে হয়। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় কার্যবিবরণীসহ তালিকা পাঠানোর নির্দেশনা থাকলেও কয়েকটি ইউনিয়ন পরিষদ হতে এখনও পাওয়া যায়নি। তালিকা অনুমোদনের পর যাচাই বাছাইয়ের সময় ত্রুটি ধরা পড়লে বাদ দেয়া হবে এবং কারও গর্ভপাত হলে ভাতা বন্ধ করে দেয়া হবে। প্রতিমাসের ৫ তারিখের মধ্যে আবেদন করতে হবে। ১৬-২০ তারিখের মধ্যে যাচাই বাছাই, ২১-২৬ তারিখের মধ্যে অনুমোদন করে ১-৫ তারিখের মধ্যে Pay Roll পাঠানোর নির্দেশনা রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বাদ পড়া ইউনিয়নের কার্যবিবরণীসহ তালিকা দ্রুত পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর।<br>২. সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, কর্মকর্তাগণের বদলিজনিত কারণে ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে। সেইসাথে টিআর/জিআর বা অন্যান্য খাদ্য সামগ্রী বিতরণের ছবি দিতে হবে। জন্ম নিবন্ধন সংশোধন করতে হবে। ১-৯০ দিনের মধ্যে ভুল সংশোধন করা যাবে। উদ্যোক্তরা এক সাথে সব ভুল সংশোধন করে না। আবেদনকারীকে সবগুলো ভুল উল্লেখ করে আবেদন করতে হবে। একই আবেদনে বাংলা ও ইংরেজী জন্ম নিবন্ধন সনদ পাওয়া যাবে। ছোট ছোট ভুলগুলো তদন্ত করে স্থানীয়ভাবে সংশোধন করে যার জন্ম নিবন্ধন নেই তাকে দিতে হবে। ইউনিয়ন পর্যায়ে জন্মনিবন্ধনের অবস্থা ভাল হলেও বিরামপুর পৌরসভার বেহাল দশা। এ পর্যায়ে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. স্ব স্ব দপ্তরের ওয়েবপোর্টালে তথ্য হালনাগাদ করার জন্য পুনরায় অনুরোধ করা হয়। | ১.সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ০৭টি ব্যাচের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। বরাদ্দ মোতাবেক প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে। দিনাজপুর জেলা কার্যালয়ের আওতায় প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স সমূহ চলমান রয়েছে।<br>পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচি থেকে সর্বমোট ২০,৮০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =১১৫২০০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট = ১১৫২০০০/- টাকা এবং আদায় হার শতকরা ১০০%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ করা হয়েছে ২,৬৮,৯৬,০০০/- টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২৪১৪৬৮০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট = ২১৭৫০৯২৬/- টাকা এবং আদায় হার শতকরা ৯০%। | -- | -- |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আশ্রয়ণ প্রকল্পের আওতায় একক গৃহে নলকূপ স্থাপনের টেন্ডার হয়েছে,আনুমানিক দেড় মাস সময় লাগবে।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, ২৩০টি ঘর উদ্বোধন হবে। তাদের তালিকা দেয়া হয়েছে। আপাতত সমস্যা সমাধানের জন্য নবনির্মিত বড় আশ্রয়ণসমূহে ৩ থেকে ৪টি এবং ছোটগুলোকে ১টি করে নলকূপ স্থাপন করার জন্য তিনি অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ জানান যে, গভীরতা ৮৫-৯০ ফুট হলেও পানি ভাল না, কাপড় নষ্ট হচ্ছে। পানির স্তর পরীক্ষা করে নলকূপ স্থাপন করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর অনুরোধ জানান হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. দ্রুত নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং পানির স্তর পরীক্ষা করে গভীরতা নিরুপণ করার জন্য অনুরোধ করা হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪<br>উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। ৪০ দিনের কর্মসূচির কার্যক্রম জুন/২০২৩ মাসে শেষ হবে। এ প্রকল্পের ফলে অনেক লোকের কর্মসংস্থান হয়। এ প্রকল্পের সময় বৃদ্ধি করার সম্ভাবনা রয়েছে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। বুচকি আশ্রয়ণে যেতে যে ব্রীজটি ভেঙ্গে গেছে তা মেরামত করার জন্য স্থানীয় সরকার প্রকৌশল দপ্তরকে দায়িত্ব প্রদান করা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। সর্বশেষ আদমশুমারীতে এ উপজেলায় ১০০ বছরের উর্ধ্ববয়সী মানুষের সংখ্যা ১২৯ জন মর্মে সভায় অবহিত করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য পরামর্শ প্রদান করা হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, সামাজিক বনায়নের প্রতি ১০ বছর পর গাছ কাটার চলমান প্রক্রিয়া চলছে। সব গাছ বন বিভাগের নয় মর্মে উল্লেখ করেন। কর্তণকৃত গাছের টাকা বিতরণ কার্যক্রম চলছে। গাছ লাগানোর সময় লোকজন আগ্রহ দেখায় না তবে গাছ কাটার সময় লভ্যাংশ নিতে তারা খুবই তৎপর। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সরকারি সিদ্ধান্ত অনুযায়ী গাছের টাকা বিতরণ করার জন্য তাকে অনুরোধ করা হয়। | ১. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর ধনঞ্জয় চন্দ্র রায় সভায় জানান যে, ০১.০৩.২০২৩ তারিখে তিনি এ উপজেলায় যোগদান করেছেন। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। সমস্যা চিহ্নিত করে কর্তৃপক্ষকে অবহিত করেছেন। মাঠ পর্যায়ে বকেয়া ঋণ আদায়ে উদ্যোগ গ্রহণ করতে হবে মর্মে সভায় অবহিত করেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার সঠিক সময়ে এবং সঠিক নিয়মে ঋণ বিতরণ ও আদায় করতে হবে মর্মে পরামর্শ প্রদান করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ঋণ আদায়ে তৎপরতা বাড়ানোর জন্য অনুরোধ করা হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প ২য় পর্যায় | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নিয়মিত উঠান বৈঠক হচ্ছে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, তথ্য আপা প্রকল্পটির মহিলাদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করাই এর মূল লক্ষ্য। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর উঠান বৈঠকের অভিজ্ঞতা থেকে জানান যে, মহিলারা জানতে খুবই আগ্রহী, তিনিও আগ্রহসহকারে এগুলোতে অংশ নেন। উঠান বৈঠকসমুহ ফলপ্রসু হচ্ছে মর্মে তিনি মনে করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর ইংরেজী নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সভায় জানান যে, স্বাভাবিক কার্যক্রম চলছে।<br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের ষষ্ঠ কর্মক্ষমতা মূল্যায়ন এর ফলাফল আগামী মাসের মধ্যে জানা যেতে পারে। যেহেতু ষষ্ঠ ধাপের সকল কাজ সম্পন্ন করে ডিসেম্বর ২০২৩ এর মধ্যে বিলের জন্য প্রকল্প অফিসে প্রস্তাব প্রেরণ করতে হবে। প্রকল্প অফিসের মৌখিক নির্দেশনা মোতাবেক মে ২০২৩ এর মধ্যে এ উপজেলায় অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে প্রকল্প নির্বাচন এবং প্রাক্কলন প্রস্তুত করে অনুমোদনের জন্য প্রকল্প অফিসে পাঠানো যায়।<br>তিনি আরও জানান যে, ইউজিডিপি প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগ দ্বারা বাস্তবায়িত একটি প্রকল্প। স্থানীয় সরকার বিভাগের চাহিদা অনুযায়ী উপজেলা পরিষদের সক্ষমতা সুচক হিসেবে এখন থেকে ইউজিডিপি প্রকল্প থেকে ইউডিএফ-দের নিকট মাসিক প্রতিবেদনে ইউডিসিসি সভা ও উপজেলা কমিটির (স্থায়ী কমিটি) সভার তারিখ ও উপস্থিত সদস্য সংখ্যা ও ওয়েবসাইটে দেয়া হয়েছে কিনা তা উল্লেখ করতে হবে। এই দুটি বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (ইউডিসিসি সভার জন্য) ও সদস্য-সচিব ( উপজেলা কমিটির সভার জন্য) এর প্রয়োজনীয় তথ্য সরবরাহের জন্য সহযোগিতা কামনা করছি। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরের সাথে আলোচনা সাপেক্ষে প্রকল্প নির্বাচন এবং প্রাক্কলন প্রস্তুত করে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্প প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>৩. চাহিদা মোতাবেক তথ্য সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. Upazila Development Facilitator, বিরামপুর<br>২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর।<br>৩. **সদস্য-সচিব, উপজেলা পরিষদের ১৭টি কমিটি এবং চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ,** বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৫<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের পক্ষে প্যানেল চেয়ারম্যান সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ইউনিয়ন পরিষদ ভবন সংস্কার কাজ কবে নাগাদ শুরু হবে তিনি জানতে চান।<br>এ পর্যায়ে উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, বরাদ্দ এসেছে, প্রাক্কলন করা হয়েছে এবং আজকের সভায় তা অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ইউনিয়ন পরিষদ ভবনগুলোর কাজ দ্রুত শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর।<br>২. উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৬<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৭<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ৬ জন সদস্য গত ৮মাস যাবত কোন সদস্য ইউনিয়ন পরিষদের সভায় আসছেন না।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অভিযোগ বিষয়ে কার্যক্রম চলছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, দিওড় ইউনিয়নে সচিব এবং হিসাব সহকারী দূর্বল ফলে এখানে একজন খুব ভাল সচিব দরকার। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তার ইউনিয়নের বেইলী ব্রীজটির তথ্য নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুরের নিকট পৌছায়নি মর্মে তিনি জেনেছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বেইলী ব্রীজটি জরুরীভিত্তিতে সংস্কার/মেরামত করার জন্য অনুরোধ জানান। কারণ এ ব্রীজটির জন্য জনসাধারণের চলাচলে খুব সমস্যা হচ্ছে। তিনি পুরাতন ইউনিয়ন ভবন অপসারণ করে নতুন ভবন করার অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর দিনাজপুর সভায় সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৩<br>মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর সভায় বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর। |
| আলোচনাঃ ৪৪<br>ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ | সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, দিওড় ইউনিয়ন নিয়ে নানারকম কথা হচ্ছে। দ্রুত সমস্যার সমাধান হওয়া দরকার। | -- | -- |
| আলোচনাঃ ৪৫<br>ভাইস-চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, VWB নিয়ে খুব সমস্যা। আলাপ আলোচনার মাধ্যমে চেয়ারম্যানবৃন্দ এ সমস্যার সমাধান করতে পারেন। | -- | -- |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| বিবিধ আলোচনাঃ৪৪ | **ক.** অফিসার ইনচার্জ, বিরামপুর থানা সভায় জানান যে, নৈশ প্রহরীদের রাতে দায়িত্বরত অবস্থায় সবসময় পাওয়া যায় না। রাতে উপজেলা পরিষদের মূল গেট খোলা থাকে। বিরামপুর উপজেলা পরিষদ নিরাপদ নয়। তিনি নৈশ প্রহরীদের নামের তালিকা ও মোবাইল নম্বর দেয়ার জন্য অনুরোধ করেন।<br>এ প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, উপজেলা পর্যায়ে দপ্তরের সংখ্যা বাড়ার সাথে সাথে জনসমাগমও বেড়েছে। প্রায়ই উপজেলা পরিষদ চত্তর থেকে মোটর সাইকেল এবং সাইকেল চুরি হচ্ছে। সে কারণে নিরাপত্তার স্বার্থে প্রধান গেটে পাহারা জোরদার করতে ফেব্রুয়ারি/২০২৩ মাস হতে দিনের বেলা একজন আনসার নিযুক্ত করা হয়েছে। এছাড়াও উপজেলা পরিষদের সকল অফিসে নিরাপত্তা প্রহরী নাই। অল্প সংখ্যক নিরাপত্তা প্রহরী দিয়ে রাত্রীকালীন নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। প্রতিটি অফিসে কম্পিউটার, ল্যাপটপসহ মূল্যবান বিভিন্ন সামগ্রীসহ কাগজপত্র রয়েছে। সেকারণে উপজেলা পরিষদের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে রাত্রীকালে পাহারা দেয়ার জন্য দু'জন আনসার রাখার প্রস্তাব করেন। তিনি আরও জানান যে, জরুরীভিত্তেতে ৩ মার্চ ২০২৩ তারিখ রাত হতে আনসার দু'জন দায়িত্ব পালন করছেন। একদিন পর পর সমন্বয় করে তারা দায়িত্ব পালন করছেন। এ ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ম) নিরাপত্তা খাত (অনসার) হতে এ সভার সিদ্ধান্তক্রমে ব্যয় করা যাবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর এ প্রস্তাবে সহমত প্রকাশ করেন।<br>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর সভায় জানান যে, ১৫ ডিসেম্বর ২০২২ তারিখে মালি পদে কর্মরত মোঃ রফিকুল ইসলাম মৃত্যুবরণ করায় মালি পদটি শূন্য রয়েছে। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখের ৪৬.০৪৬০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪/১(৬) সংখ্যক স্মারক মোতাবেক সংযোজিত ও সংশোধিত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ত) মালি ও সুইপার খাত হতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে দৈনিক চুক্তিতে একজন মালি নিয়োগের বিধান রয়েছে। ইতোমধ্যে এ পদে জনাব মোঃ জিয়াউল ইসলাম, পিতা-মোঃ মতিয়ার রহমান, মাতা-মোছাঃ লতিফন বিবি, গ্রাম-গংগাদাসপুর, ডাকঘর-দেশমা, উপজেলা-বিরামপুর, জেলা-দিনাজপুর আবেদন করেছেন। তাকে মালি পদে নিয়োগের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। এ প্রস্তাবটি উপস্থিত সকল সদস্য সমর্থন করেন।<br>স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ৯ ডিসেম্বর ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬..০১৫.০০৪.১২(অংশ-৮৮৩) সংখ্যক স্মারক মোতাবেক নার্সারীতে কাজ করার অভিজ্ঞতা থাকায় তাকে একজন দক্ষ মালি হিসেবে দৈনিক ৫৫০/- টাকা হারে মজুরী প্রদানের প্রস্তাব করেন। সকল সদস্য তার এ প্রস্তাবও সমর্থন করেন।<br>গ. উপজেলা পরিষদে কর্মরত কর্মকর্তাগণের যাদের ব্যক্তিগত গাড়ি আছে তারা প্রতিমাসে ৫০০/-(পাঁচশত) টাকা ভাড়া প্রদান করবেন। তবে পরিষদ সংশ্লিষ্ট যারা নয় তাদের ব্যক্তিগত বা বাণিজ্যিক কাজে ব্যবহৃত গাড়ি উপজেলা পরিষদে রাখতে পারবেন না মর্মে তিনি সভায় প্রস্তাব করেন। | **ক.** ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ম) অনুচ্ছেদের আলোকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে দিনের বেলা নিযুক্ত আনসারকে মাসিক ১১,০০০/-(এগারোহাজার) এবং রাত্রীকালে নিযুক্ত ২ জন আনসারকে (প্রতি ১৫ দিনে ১ জন) মাসিক সর্বসাকুল্যে ১১,০০০/-(এগারোহাজার) টাকা হিসেবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ খাতে বরাদ্দকৃত ১,০০,০০০/-(একলক্ষ) টাকার মধ্যে এ ব্যয় সীমিত রাখারও সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে অনুরোধ করা হলো।<br>খ. ২০২২-২০২৩ অর্থবছরে ০১.০৪.২০২৩ তারিখ হতে দৈনিক চুক্তিতে (কাজ নাই মজুরী নাই) জনাব মোঃ জিয়াউল ইসলাম, পিতা-মোঃ মতিয়ার রহমান, মাতা-মোছাঃ লতিফন বিবি, গ্রাম-গংগাদাসপুর, ডাকঘর-দেশমা, উপজেলা-বিরামপুর, জেলা-দিনাজপুরকে উপজেলা পরিষদের মালি হিসেবে দক্ষতা থাকায় দৈনিক ৫৫০/-(পাঁচশত পঞ্চাশ) টাকা মজুরী হিসেবে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। এ নিয়োগ ১ এপ্রিল ২০২৩ তারিখ হতে কার্যকর হবে।<br>গ. উপজেলা পরিষদে কর্মরত কর্মকর্তাগণের ব্যক্তিগত গাড়ি উপজেলা পরিষদ চত্বরে রাখার জন্য প্রতিমাসে ৫০০/-(পাঁচশত) টাকা হারে ভাড়া উপজেলা পরিষদ রাজস্ব তহবিল, চলতি হিসাব নম্বর-১৮০৪০০১০১৫৫৪৫, সোনালী ব্যাংক লিঃ, বিরামপুর শাখাতে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ. উপজেলা পরিষদে কর্মরত কর্মকর্তাগণের ব্যক্তিগত গাড়ি ব্যতিত অন্য কারও ব্যক্তিগত বা বাণিজ্যিক কাজে ব্যবহৃত গাড়ি উপজেলা পরিষদ চত্বরে রাখতে পারবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | **ক.** উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর।<br>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর।<br>গ. সংশ্লিষ্ট কর্মকর্তাগণ।<br>ঘ. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

৪৫. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**ফেব্রুয়ারি/২০২৩ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৩ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া প্রদান | =৪৫,০০০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৩ মাসের সম্মানীভাতা প্রদান | =৫৪,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ১ জন পরিচ্ছন্নতাকর্মীর ফেব্রুয়ারি/২০২৩ মাসের ২৭ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী প্রদান। | =১৪,৮৫০/- |
| ০৪ | ফেব্রুয়ারি/২০২৩ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | ফেব্রুয়ারি/২০২৩ আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | ফেব্রুয়ারি/২০২৩ মাসের বিদ্যুৎ বিল পরিশোধ | =১৭,৩৯৭/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, এ সভায় আলাপ-আলোচনার মাধ্যমে বিরামপুরকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। দিওড় ইউনিয়ন নিয়ে সমস্যার কারণে বিরামপুর উপজেলায় সমস্যা হচ্ছে। ভাইস-চেয়ারম্যানদ্বয়কে কোন প্রস্তাব থাকলে আলাপ আলোচনার মাধ্যমে সমাধান করার পরামর্শ প্রদান করেন। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ স্মার্ট বাংলাদেশে উন্নীত হবে। প্রাণিসম্পদ দপ্তরের গাড়ি হয়েছে, উপজেলা প্রকৌশল দপ্তরের গাড়ি প্রয়োজন। কর্মকর্তা বা অন্যদের ব্যক্তিগত গাড়ি হয়েছে এটি উন্নয়নের আরও একরুপ। বৈশ্বিক করোনা পার হয়েছে বৈশ্বিক খাদ্য মন্দাও পার হয়ে যাবে। চীনে পঙ্গাপাল খাবার নষ্ট করছে। কৃষি দপ্তরকে এ বিষয়ে সতর্ক থাকার অনুরোধ জানান। সরকারি নির্দেশনানুযায়ী তিন ফসলী জমি নষ্ট করা যাবে না। তার খামারের চুরি হওয়া বিদ্যুতের মিটার উদ্ধার করে দেয়ায় তিনি অফিসার ইনচার্জ, বিরামপুর থানাকে ধন্যবাদ জানান। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর দিনাজপুর জেলার ১৩ উপজেলা মধ্যে দক্ষতার সাথে কাজ করে যাচ্ছেন । তিনি একজন দক্ষ অফিসার। সবাই মিলে বিরামপুরকে এগিয়ে নিয়ে যাবেন এ প্রত্যাশা তিনি ব্যক্ত করেন। বিরামপুরের কাজের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে সুনামগঞ্জকে শস্যে ভরপুর করে দিতে পারেন সে শুভকামনা ব্যক্ত করে বিদায়ী অতিরিক্ত কৃষি কর্মকর্তার সর্বাঙ্গীন সফলতা কামনা করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৩/২৩

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২২.৬২৭/১(৪৮) তারিখঃ ২০.০৪.২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬।

০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।

০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।

০৭. জনাব ................................................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর

০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৯. উপজেলা........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।

১০. চেয়ারম্যান, ..............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।

১১. জনাব ............................................................... মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

20.08.2026

পরিমল কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩২২-৫৬৪০১ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd